



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-০৮৯

পুনরায় রাজশাহী সিটি মেয়রের দায়িত্ব নিলেন খায়রুজ্জামান লিটন

রাজশাহী; ৩০ আশ্বিন (১৫ অক্টোবর):

তৃতীয় বারের মতো রাজশাহী সিটি করপোরেশনের (রাসিক) মেয়রের দায়িত্ব গ্রহণ করেছেন এএইচএম খায়রুজ্জামান লিটন। এ উপলক্ষে রবিবার (১৫ অক্টোবর) দুপুরে রাসিকের নগর ভবনের ছিনপ্লাজায় এক অভিষেক অনুষ্ঠানের আয়োজন করা হয়। একই অনুষ্ঠানে ১০ জন নারীসহ মোট ৪০ জন কাউন্সিলর আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ করেন।

৮১ দশমিক ১৮ ভাগ ভোট পেয়ে তৃতীয় মেয়াদে মেয়র নির্বাচিত করায় অভিষেক অনুষ্ঠানে এএইচএম খায়রুজ্জামান লিটন রাজশাহীবাসীর প্রতি কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জানান।

বিপুল ভোট পেয়ে নির্বাচিত হওয়া অনেক ভাগ্যের ব্যাপার উল্লেখ করে তিনি বলেন, যতদিন বেঁচে থাকব আমি কখনো লক্ষ লক্ষ মানুষের ভালোবাসার কথা ভুলব না। মানুষের ভালোবাসার সঠিক প্রতিদান আমি আগেও দিয়েছি, ভবিষ্যতেও দিব। এবার আমার নির্বাচনি স্লোগান ছিল 'উন্নয়ন দৃশ্যমান, এবার হবে কর্মসংস্থান;' আওয়ামী লীগের নির্বাচনি ইশতেহারেও এটি উল্লেখ থাকবে। নির্বাচনে সারাদেশে রাজশাহী শহরকে শোকেসিং করা হবে বলে এ সময় তিনি জানান।

খায়রুজ্জামান লিটন বলেন, কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে শিল্পায়নের জন্য বিসিক শিল্পনগরী-২ তৈরি করা হয়েছে। সেখানে ক্ষুদ্র ও মাঝারি শিল্পপ্রতিষ্ঠান গড়ে তোলার জন্য প্রায় ৩০০ প্লট বরাদ্দ প্রদান করা হবে। আজকে সন্ধ্যায় ৩০টি প্লট বরাদ্দ দেয়া হবে জানিয়ে তিনি রাজশাহীর উন্নয়ন চলমান রাখার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

স্মার্ট রাজশাহী গড়তে প্রকল্প শুরু হচ্ছে উল্লেখ করে রাসিক মেয়র বলেন, আগামী ১৯ অক্টোবর বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্কে স্মার্ট কর্মসংস্থান মেলা হবে। সেখানে স্পটেই অনেক তরুণ-তরুণীর চাকরি হবে- এটি আমার প্রতিশ্রুতির সূচনামাত্র।

মেয়র আরও বলেন, নগরীর হাইটেক পার্কের পশ্চিমে পদ্মানদীর ধারে নৌবন্দর স্থাপন করতে যাচ্ছি। ভারতের মুর্শিদাবাদের ধুলিয়ান ও মায়া থেকে রাজশাহী পর্যন্ত নৌরুট চালু হলে ভারত থেকে পাথরসহ বিভিন্ন পণ্য আমদানি করা যাবে। রাজশাহী থেকে বিভিন্ন পণ্য রপ্তানি করা হবে। আগামী দিনে এই নৌবন্দরটি রাজশাহী বিভাগের অর্থনৈতিক প্রাণকেন্দ্র হবে বলে আশা প্রকাশ করে তিনি আগামী ৩ থেকে ৬ মাসের মধ্যে নৌরুটটি প্রাথমিকভাবে চালু হওয়ার কথা জানান।

রাসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এবিএম শরীফ উদ্দিনের সভাপতিত্বে অভিষেক অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্টজন, রাজনৈতিক, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের প্রধান, চিকিৎসক, আইনজীবী, ব্যবসায়ী, সমাজকর্মী, সংস্কৃতিকর্মী, গণমাধ্যমকর্মীসহ নানা শ্রেণি-পেশার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ২১ জুন ২০২৩ রাসিকের নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী এএইচএম খায়রুজ্জামান লিটন নৌকা প্রতীক নিয়ে ১ লাখ ৬০ হাজার ২৯০ ভোট পেয়ে পুনর্নির্বাচিত হন। গত ৩ জুলাই তাঁকে শপথবাক্য পাঠ করান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এর আগে ২০০৮ থেকে ২০১৩ প্রথম মেয়াদে এবং ২০১৮ থেকে ২০২৩ সালের মে মাস পর্যন্ত দ্বিতীয় মেয়াদে রাসিকের মেয়র হিসেবে দায়িত্ব পালন করেন তিনি।#

.....

তৌহিদ/সিকান্দার/রুলুল/২০২৩/১৭.১০ঘ.